



জেলা পরিষদ, ফরিদপুর।

www.zpfaridpur.org



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-জেপফ/প্রশাঃ/০৭(১০০)


তারিখঃ ২২/০৭/২০২০ ইং

শোকবার্তা

অত্যন্ত দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃলোকমান মৃধা গত ১০.০৭.২০২০ ইং রোজ শুক্রবার সকাল ১১.০০ ঘটিকার সময় ঢাকাস্থ শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকাতে কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি জেলা পরিষদের চেয়ারম্যান ছাড়াও ফরিদপুর জেলা আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি, রেডক্রিসেন্ট সোসাইটি, ফরিদপুর এর সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ এর জাতীয় নির্বাহী কমিটির সদস্য, নদী গবেষণা ইনিঃ এর কার্যনির্বাহী পরিষদে সদস্য ছিলেন। একজন শ্রদ্ধাভাজন শিক্ষক হিসেবে তিনি ফরিদপুরে সমাধিক পরিচিত ছিলেন। জেলা পরিষদের চেয়ারম্যান থাকাকালীন অত্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন।

ফরিদপুর জেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের এই মৃত্যুতে পরিষদের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও সম্মানিত সদস্যবৃন্দ গভীরভাবে শোকাহত এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।

মহান আল্লাহ রাব্বুল আলামিন তাঁকে জান্নাতবাসী করুন।



(মোঃ আব্দুর রশিদ)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ফরিদপুর।


ফোন : ৬১০৩০(অ)
২২/৭/২০

স্মারক নং-জেপফ/প্রশাঃ/০৭(১০০)

তারিখ : ২২/০৭/২০২০ ইং

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ০৫। চেয়ারম্যান, ----- জেলা পরিষদ, সকল।
- ০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ----- জেলা পরিষদ, সকল।
- ০৭। অফিস কপি।



প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ফরিদপুর।

২২/৭/২০